দৈনিক ইত্তেফাক

তারিখ 04.SEP 1998
পৃষ্ঠা ১ কলাম ৫

# শিক্ষা ক্যাডারে নির্বাচিত ১৫৮পদে এক বছরেও নিয়োগ দেওয়া হয় নাই

ইত্তেফাক রিপোর্ট ॥ বিসিএস শিক্ষা ক্যাডারের সংরক্ষিত ১৫৮টি উচ্চ পদে নিয়োগের জন্য পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীরা গত প্রায় এক বৎসরেও নিয়োগ লাভ করেন নাই।

শিক্ষা মন্ত্রণালয়ের চাহিদা অনুযায়ী

(২য় পৃষ্ঠায় ৪-এর কঃ দ্রঃ)

## শিক্ষা ক্যাডারে

(প্রথম পৃঃ পর)

সরকারী কলেজসমূহে বিভিন্ন বিষয়ে অধ্যাপক, সহযোগী অধ্যাপক এবং সহকারী অধ্যাপকের শতকরা ১০ ভাগ সংরক্ষিত শূন্যপদে নিয়োগের জন্য পাবলিক সার্ভিস কমিশন ১৯৯৭ সালের জুলাই হইতে সেপ্টেম্বর পর্যন্ত সাক্ষাৎকার গ্রহণ করে এবং তীব্র প্রতিযোগিতার ভিত্তিতে ১৭জনকে অধ্যাপক, ৬০জনকে সহযোগী অধ্যাপক, এবং ৮১জনকে সহকারী অধ্যাপক পদে নিয়োগের জন্য নির্বাচিত করিয়া ঐ বৎসরই শিক্ষা মন্ত্রণালয়ে সুপারিশ প্রেরণ করে। কিন্তু শিক্ষা মন্ত্রণালয় এখন পর্যন্ত তাহাদের নিয়োগ প্রদান করে নাই। সূত্র জানায়, পদোন্নতি এবং 'লেটারাল এন্ট্রির' উপর আদালতের নিষেধাজ্ঞা থাকায় আদালত অবমাননার ভয়ে মন্ত্রণালয় এই শিক্ষকদের নিয়োগ প্রদানে টালবাহানা করিতেছে। কিন্তু পদোন্নতি ও লেটারাল এন্ট্রির ক্ষেত্রে আদালতের নিষেধাজ্ঞা থাকিলেও সংরক্ষিত শতকরা ১০ ভাগ পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে আদালতের কোন নিষেধাজ্ঞা নাই। শিক্ষা মন্ত্রণালয় এ সম্পর্কে সংস্থাপন মন্ত্রণালয় এবং আইন মন্ত্রণালয়ের ব্যাখ্যা চাহিয়া পাঠাইলে এই দুই মন্ত্রণালয়ই জানাইয়া দেয়, সরাসরি নিয়োগের ক্ষেত্রে কোন আইনগত সমস্যা নাই। কিন্তু এতদ্‌সত্ত্বেও শিক্ষা মন্ত্রণালয় বিভিন্ন পদে নিয়োগের জন্য সুপারিশপ্রাপ্ত শিক্ষকদের অদ্যাবধি নিয়োগ প্রদান করে নাই। সূত্র জানায়, একই প্রক্রিয়ায় সরকারী হাইস্কুলের প্রধান শিক্ষকদের নিয়োগ ইতিমধ্যে সমাপ্ত হইয়াছে।